গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

**২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত জেলা মৎস্য দপ্তর, নাটোরের শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত বাছাই কমিটির সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড.মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ১৫ জুন ২০২৩খ্রি.। |
| সভার সময় | সকাল ১০:০০টা। |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার অফিস ক , নাটোর |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা “পরিশিষ্ট ক”- তে দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত (পরিশিষ্ট ক) সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি নাটোর জেলা মৎস্য দপ্তর ও এর আওতাধীন সকল দপ্তরের বিভিন্ন গ্রেডের কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদান ও কর্মে উদ্দীপনা সৃষ্টির লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ এর পটভূমি, উদ্দেশ্য, গ্রেডভিত্তিক মূল্যায়ন সূচকসমূহ ও মূল্যায়ন পদ্ধতি সভায় উপস্থাপন করেন। অতঃপর ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নাটোর জেলা মৎস্য দপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহের বিভিন্ন গ্রেডের কর্মচারীদেরকে নির্ধারিত মূল্যায়ন সূচকসমূহের আলোকে নির্মোহ চিত্তে, স্বাধীনভাবে মূল্যায়নের আহবান জানান ও প্রত্যেককে পৃথক পৃথক মূল্যায়ন সীট প্রদান করেন। স্বচ্ছতার স্বার্থে তিনি বাছাই কমিটির সদস্যগণের সবাইকে নিজের বিষয়ে মূল্যায়ন না করার বিষয়েও নির্দেশনা প্রদান করেন। সভাপতির নির্দেশনার আলোকে বাছাই কমিটির সদস্যগণ বিভিন্ন গ্রেডের কর্মচারীগণকে নির্ধারিত মূল্যায়ন সূচকের আলোকে মূল্যায়ন করেন। বিভিন্ন ক্যাটাগরিতে নীতিমালায় বর্ণিত মূল্যায়ন সূচক (প্রত্যেক ক্যাটাগরি জন্য আলাদা আলাদা ১০ টি মূল্যায়ন সূচক ও প্রতিটি সূচকে ধার্যকৃত ১০ নম্বর) এবং এর বিপরীতে প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে বাছাই কমিটির সদস্যগণের প্রদত্ত নম্বর হতে গড় নম্বর নির্ণয় করে সর্বোচ্চ নম্বর অর্জনকারি কর্মচারীগণকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত বাছাই করা হয়।

১. শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুচ্ছেদ ৩.৪ ও ৬.৪ অনুসরণে আঞ্চলিক/জেলা পর্যায়ের কার্যালয়ের প্রধানের নেতৃত্বে গঠিত বাছাই কমিটির মূল্যায়ন প্রতিবেদনের (১১পৃষ্ঠা) আলোকে বিভিন্ন ক্যাটাগরিতে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মচারিগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়।

**মনোনীত কর্মচারীগণের বিবরণ:**

| ক্র. নং- | ক্যাটাগরি | নাম | পদবি ও কর্মস্থল | প্রাপ্ত গড় (মোট ১০০ নম্বরের মধ্যে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ক. জেলা পর্যায়ের কার্যালয় | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | গ্রেড-৩ হতে গ্রেড-৯ | - | - | - | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ ৫.১ মোতাবেক বিবেচ্য পদের কর্মচারী সিনিয়র সহকারী পরিচালকের অত্র কর্মস্থলে চাকরির কার্যকাল ০৬ মাস পূর্ণ হয় নাই বিধায় তাঁর কার্যক্রম মূল্যায়ন করা যায় নাই। তাছাড়া, সহকারী পরিচালক মৎস্য ভবন, ঢাকায় সংযুক্ত থাকায় তাঁর কার্যক্রমও মূল্যায়ন করা যায় নাই। |
| ২. | গ্রেড-১০ হতে গ্রেড-১৬ | জনাব মোঃ মানিক মিয়া | প্রধান সহকারী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর | ৮০.৩১ | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ ৫.৬ মোতাবেক বিবেচ্য কর্মচারী বিগত ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হওয়ায় চলতি বছরের জন্য বিবেচনাযোগ্য নন। কিন্তু তিনি অদ্যাবধি আর্থিক সুবিধা প্রাপ্ত হন নাই বিধায় তাকে পুনরায় মূল্যায়ন করা হয়েছে। উল্লেখ্য অত্র ক্যাটাগরিতে জনাব মোঃ মানিক মিয়া ব্যতীত নুন্যতম ৮০ নম্বর প্রাপ্ত উপযুক্ত অন্য কোন কর্মচারী পাওয়া যায় নাই। |
| ৩. | গ্রেড-১৭ হতে গ্রেড-২০ | - | - | - | অত্র ক্যাটাগরিতে নুন্যতম ৮০ নম্বর প্রাপ্ত কোন কর্মচারী পাওয়া যায় নাই। |
| | খ. আওতাধীন উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহ | | | | |
| ৪. | গ্রেড-৪ হতে গ্রেড-৯ | জনাব মোছাঃ আয়েশা খাতুন | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাটোর সদর | ৯৩.০০ | |
| ৫ | গ্রেড-১০ হতে গ্রেড-১৬ | জনাব এস এম নাজিম উদ্দিন | উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.), লালপুর | ৮১.৩০ | |
| ৬ | গ্রেড-১৭ হতে গ্রেড-২০ | জনাব মোঃ আবুল খায়ের | অফিস সহায়ক, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, লালপুর | ৮৬.১৩ | |

২. বাছাই কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে বাছাইকৃত সকল কর্মচারীকে ক্রেস্ট ও সনদপত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ এর আওতায় আর্থিক প্রণোদনা প্রদানের জন্য সুপারিশ করা হয়।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত কর্মচারীগণকে অভিনন্দন এবং উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.২১.২৮৬

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৩। উপপরিচালক, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৪। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, নাটোর;
৫। জনাব.................................................................সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি, মৎস্য অধিদপ্তর, নাটোর;
৬। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;
৭। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর;
৮। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), নাটোর;
৯। সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর এবং
১০। জনাব.............................................................. ..., শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন কমিটি কর্তৃক বাছাইকৃত কর্মচারী, মৎস্য অধিদপ্তর, নাটোর।

১৫-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার হাজিরা
(২) শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন প্রতিবেদন
(৩) শুদ্ধচার পুরস্কারের জন্য বাছাই কমিটি গঠনের অফিস আদেশ